

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং- DPI/ILO/Skill-21/2021/116

তারিখঃ ১০/১১/২০২১

জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর আওতায় প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটে “জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF)” এর অধীনে ILO এর Skills-21 project এর আওতায় নিম্নে উল্লেখিত অকুপেশনসমূহে ফ্রি প্রশিক্ষণ কোর্সে ৩য় ব্যাচে ভর্তি চলছেঃ

ক্রঃ	অকুপেশন/কোর্সের নাম	NTVQF লেভেল	সময়কাল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১	কম্পিউটার অপারেশন	লেভেল-১	৩৬০ ঘন্টা	এসএসসি/সমমান
২	আইটি সাপোর্ট টেকনিশিয়ান	লেভেল-১	৩৬০ ঘন্টা	এসএসসি/সমমান

১। কোর্সগুলো কম্পিউটার বেইজড ট্রেনিং অ্যান্ড এসেসমেন্ট পদ্ধতিতে ফিজিক্যালি পরিচালিত হবে এবং প্রতি কোর্সে প্রশিক্ষার্থীর সংখ্যা হবে ২০ জন। প্রশিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ শেষে কারিগরি শিক্ষা বোর্ডের অ্যাসেসমেন্টে অংশ গ্রহণ করতে হবে এবং উত্তীর্ণরা স্ব স্ব অকুপেশনের NTVQF সার্টিফিকেট পাবেন।

২। নিয়মিত অংশ গ্রহণকারি সকল প্রশিক্ষার্থী কমপক্ষে ৮০% উপস্থিতি থাকার শর্ত সাপেক্ষে নির্ধারিত হারে বৃত্তি পাবেন। উল্লেখ্য যে, প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক প্রশিক্ষার্থীদের কোন প্রকার থাকা-খাওয়ার ব্যবস্থা করা হবে না। প্রশিক্ষণ শেষে শিল্পকারখানায় বাস্তব প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ শেষে কর্মসংস্থানের ব্যবস্থা হতে পারে।

৩। ২৫% মহিলা, ৫% প্রতিবন্ধি কোটাসহ সিট খালি থাকা স্বাপেক্ষে আগে আসলে আগে ভিত্তিতে ভর্তি নেয়া হবে।

৪। প্রার্থীকে ২০১৫ সালের পূর্বে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বর্তমানে সরকারী, বেসরকারী ও অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এ প্রশিক্ষণ কোর্সে ভর্তির সুযোগ থাকবে না।

৫। আগামী ১০/১১/২০২১ তারিখ থেকে প্রতিদিন সকাল ১১.০০টা থেকে ১.০০টা পর্যন্ত কক্ষ নং-২০২ তে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হলে সাথে সাথে ভর্তি সম্পন্ন করতে হবে। ভর্তির সময় প্রার্থীকে এক কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র জমা দিতে হবে এবং ৩০০০/= (তিন হাজার) টাকা ফেরত যোগ্য জামানত প্রদান করতে হবে।

৬। আগামী ২০/১১/২০২১ তারিখ হতে প্রতিদিন সকাল ০৮.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে।

৭। ডিপ্লোমা-ইন-ইন্জিনিয়ারিং পাশ বেকারদের এ কোর্স করার সুযোগ রয়েছে।

স্বাঃ

(প্রকৌঃ কাজী জাকির হোসেন)

অধ্যক্ষ

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮।

যোগাযোগঃ ০১৯৯৮১৩১৯৯৩, ০১৭৪৮৬৪৮০০০,

০১৬৮৯৮৯৯৯৯৯, ০১৬৮৮৮৩২৮৩৯

